

প্রেস রিলিজ নং-০২/২০২১

এ্যাডভোকেসি কার্যক্রমের অংশ হিসেবে ০৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখ সোমবার মৌলভীবাজার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে “মৌলভীবাজার জেলা প্রশাসনের কর্মকর্তাগণের সঙ্গে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সংক্রান্ত মতবিনিময় সভা” অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং সভাপতিত্ব করেন জনাব মীর নাহিদ আহসান, জেলা প্রশাসক, মৌলভীবাজার। জনাব জি. এম. সালেহ উদ্দিন, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ড. এ এফ এম মনজুর কাদির, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, জনাব মোঃ আব্দুর রউফ সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, জনাব নাসরিন বেগম, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন ও কমিশনের কর্মকর্তাগণসহ মৌলভীবাজার জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ উক্ত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রমের বিভিন্ন দিক, প্রতিযোগিতা আইন বাস্তবায়নের সুফল, আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্পৃক্ততা ও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কমিশনের গুরুত্ব বিষয়ে আলোচনা করা হয়। মতবিনিময় সভায় অংশগ্রহণকারীগণ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বাস্তবায়নে সর্বাঙ্গিক সহায়তা প্রদানের অঙ্গিকার ব্যক্ত করেন।

তারিখ: ০৮/০২/২০২১ থি: